॥ নীতিশতকম্ ॥

প্রথম দুই পদ্ধতি (১-২০)

গীতিকাব্যের ধারা

কবির হৃদয়ের ভাব যখন গীতিময়তার আকার ধারণ করে তখন তাকে গীতিকাব্য বলে। গীতিকাব্য কবি-হৃদয়ের উচ্ছ্বাসের স্বতঃস্ফূর্ত আত্মপ্রকাশ। কবি-হৃদয়ের উচ্ছ্বাস যেমন প্রেম বা প্রকৃতিকে অবলম্বন করে প্রকাশিত হয়, সেই রূপে নীতি, ভক্তি, ধর্মকে আশ্রয় করে প্রকাশিত হতে পারে।

কতগুলি প্রাচীন বৈদিক সূক্তেই সর্বপ্রথম গীতিকবিতার সন্ধান পাওয়া যায়। কবি প্রকৃতির সৌন্দর্য বা মহত্ত্বদর্শনে উচ্ছ্বসিত হয়ে আপনার আকুতি প্রকাশ করেছেন- এরূপ সূক্তের সংখ্যা নিতান্ত কম নয়। তা ছাড়া বিভিন্ন বৈদিক উপাখ্যান গীতিকাব্যের লক্ষণাক্রান্ত বলা যেতে পারে। অবশ্য ঋষিকবিরা গীতিকাব্য রচনার উদ্দেশ্যে বা গীতিকাব্যাত্মক রসসৃষ্টির সজ্ঞান চেষ্টা নিয়েই এরূপ রচনায় প্রবৃত্ত হয়েছিলেন একথা ঠিক যুক্তিযুক্ত নয়।

কাব্যে সচেতনভাবে যাঁরা রসসৃষ্টিতে সচেষ্ট হয়েছিলেন তাদের মধ্যে অশ্বঘোষ প্রাচীনতম। তাঁর রচিত 'সৌন্দরানন্দ' কাব্যেই সর্বপ্রথম রসসৃষ্টির প্রয়াস দেখা যায়। তবে এই গ্রন্থের সকল স্থলে গীতিময়তা নেই। কবিশ্রেষ্ঠ কালিদাসের হাতেই প্রকৃত গীতিকাব্যের উদ্ভব ঘটেছিল।

গীতিকাব্যের বিভাগ

গীতিকাব্যের বর্ণনীয় বিষয় অনুসারে তাকে তিন ভাগে ভাগ করা যেতে পারে—(১) প্রকৃতি ও প্রেমমূলক গীতিকাব্য, (২) ভক্তিমূলক গীতিকাব্য এবং (৩) নীতিশিক্ষামূলক গীতিকাব্য। ভর্তৃহরির নীতিশতক তৃতীয় ভাগের অন্তর্ভুক্ত।

ভর্তৃহরির শতকত্রয়

গীতিকাব্যের ইতিহাসে ভর্তৃহরির শতকত্রয় গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। সাতবাহন-নৃপতি হাল বিরচিত শতককাব্য গাথাসপ্তশতীর পর প্রাচীন শতককাব্য হিসেবে সপ্তম শতাব্দীর কবি ভর্তৃহরি বিরচিত শতকত্রয় সংস্কৃত গীতিকাব্যের ইতিহাসকে বিশেষভাবে প্রভাবিত করেছে। ভর্তৃহরি নীতিশতক, শৃঙ্গারশতক এবং বৈরাগ্যশতক—এই তিনটি শতকগ্রন্থ রচনা করেছিলেন।

"নয়তি ইতি নীতি" অর্থাৎ যা সৎপথে চালিত করে তাই নীতি। নীতিবিষয়ক বিভিন্ন বিষয়কে অবলম্বন করে নীতিশতকের শ্লোকগুলি রচিত হয়েছে। নীতিশতকের প্রথম শ্লোকে গ্রন্থকার প্রাচীন পরম্পরা মেনে মঙ্গলাচরণ করেছেন। গ্রন্থের তৃতীয় শ্লোকে তিনপ্রকার মানুষের কথা বলা হয়েছে—

(১) **অজ্ঞ ঃ** যিনি হিত ও অহিত জ্ঞানশূন্য। এইরকম ব্যক্তিকে বোঝা সহজ।

(২) **বিশেষজ্ঞ ঃ** যিনি শ্রেয় ও প্রেয় সম্পর্কে বিচার করতে সমর্থ। এইরকম ব্যক্তিকে বোঝা সহজতর।

(৩) **অল্পজ্ঞ ঃ** জ্ঞানের লেশমাত্র লাভ করে নিজেকে যিনি সর্বজ্ঞ মনে করেন এবং এর ফলে তার চিত্ত সর্বদা অহংকারের দ্বারা পরিপূর্ণ থাকে। এইরকম ব্যক্তিকে বোঝা ব্রহ্মার পক্ষেও অসম্ভব।

Scanned by CamScanner

চতুর্থ শ্লোক থেকে চতুর্দশ শ্লোক পর্যন্ত মূর্খের নিন্দা করা হয়েছে। পঞ্চদশ শ্লোক থেকে অষ্টবিংশতি শ্লোক পর্যন্ত বিদ্যা ও বিদ্বানের প্রশংসা করা হয়েছে। ঊনত্রিংশৎ শ্লোক থেকে অষ্টত্রিংশৎ শ্লোক পর্যন্ত মান ও শৌর্যের প্রশংসা করা হয়েছে। নবত্রিংশৎ শ্লোক থেকে একপঞ্চাশৎ শ্লোক পর্যন্ত অংশকে বলে অর্থপদ্ধতি। এই অংশে মূলত অর্থলাভের জন্য মানুষ কীভাবে সমস্ত দিয়েও চেষ্টা করে তার বর্ণনা রয়েছে এবং সৎকার্যে সাধ্যমতো দান করলে যে মানুষ মানসিক তৃপ্তি লাভ করে তার প্রশংসা করা হয়েছে। শ্লোকসংখ্যা ৫২ থেকে ৬১ তে দুর্জনের স্বভাব বর্ণিত হয়েছে, তাই এই অংশের নাম দুর্জনপদ্ধতি। শ্লোকসংখ্যা ৬২ থেকে ৬৯ তে সজ্জনের স্বভাব বর্ণিত হয়েছে , তাই এই অংশের নাম সুজনপদ্ধতি। শ্লোকসংখ্যা ৭০ থেকে ৭৯ তে পরোপকারের গুণ বর্ণিত হয়েছে, তাই এই অংশের নাম পরোপকারপদ্ধতি। শ্লোকসংখ্যা ৮০ থেকে ৮৯ তে ধীর ব্যক্তির স্বভাব বর্ণিত হয়েছে, তাই এই অংশের নাম ধীরপদ্ধতি। শ্লোকসংখ্যা ৯০ থেকে ৯৮ তে দৈব এবং পুরুষাকারের যথার্থ মিলনের কার্যসিদ্ধি হয় তা বর্ণিত, তাই এই অংশের নাম দৈবপদ্ধতি। শ্লোকসংখ্যা ৯৯ থেকে ১০৮ তে পূর্বজন্মের কর্মের প্রভাবের কথা বর্ণিত হয়েছে, তাই এই অংশের নাম কর্মপদ্ধতি।

কবি ভর্তৃহরির দ্বিতীয় শতককাব্য শৃঙ্গারশতক। শৃঙ্গাররসের বিভিন্ন ভেদ, নায়ক-নায়িকার শৃঙ্গার রসের আস্বাদনের বিচিত্র অনুভূতি এগুলি শৃঙ্গারশতকে পাওয়া যায় না। মূলত কামিনীর রূপ বর্ণনার দিকটাই কবি গুরুত্ব দিয়েছেন ।

কবি ভর্তৃহরির দ্বিতীয় শতককাব্য বৈরাগ্যশতক। বিষয়তৃষ্ণার নিন্দা, নিত্য-অনিত্য বস্তু বিচারের দ্বারা ব্রহ্মের চিন্তায় কালযাপনের আহ্বান, বিষয়বিরক্ত সাধকের জীবনের শান্তি প্রভৃতি বর্ণিত হয়েছে বৈরাগ্যশতকে ।

ভর্তৃহরির স্থিতিকাল

ভর্তৃহরির কবিতা যতটা প্রসিদ্ধ তাঁর জীবনবৃতান্ত এবং স্থিতিকাল ততটাই অজ্ঞাত। পণ্ডিত বলদেব উপাধ্যায় ভর্তৃহরিকে সপ্তম শতাব্দীর মানুষ বলে মনে করেন। পণ্ডিত বলদেব উপাধ্যায় অবশ্য শতকত্রয়কার ভর্তৃহরি ও বাক্যপদীয়কার ভর্তৃহরি ভিন্ন বলে মনে করেন। পশ্চিমী গবেষক ইৎসিং ভর্তৃহরিকে বৌদ্ধধর্মাবলম্বী বলেছেন। **'রাবণবধ'**—কাব্যের রচয়িতা ভট্টি ও ভর্তৃহরিকে যদি এক ব্যক্তি ধরা হয় তাহলে তার কাল হবে ষষ্ঠ শতকের শেষ ভাগ থেকে সপ্তম শতকের প্রথমার্ধ।

ভর্তৃহরির জীবনবৃত্তান্ত

অর্বাচীন কোষ অনুসারে মহাকবি ভর্তৃহরির পিতার নাম বীরসেন। বীরসেনের চার সন্তান—ভর্তৃহরি, বিক্রমাদিত্য, সুভটবীর্য ও মেনাবতী। অন্য আর এক কিংবদন্তী অনুসারে ভর্তৃহরির পত্নীর নাম অনঙ্গসেনা। তিনি দুশ্চরিত্রা ছিলেন। একজন ব্রাহ্মণ জরা ও মৃত্যুর নাশক একটি ফল রাজা ভর্তৃহরিকে দান করেন। রাজা সেই ফল নিজের প্রাণপ্রিয়া পত্নীকে দেন। রাজার পত্নী তা নিজের জারকে অন্যমনস্ক হয়ে দিয়ে দেন। সেই জার আবার নিজের অন্য এক প্রণয়িনীকে দেন। সেই রমণী প্রজাপালক রাজার দীর্ঘজীবী হওয়া উচিত ভেবে রাজাকে দিয়ে দেন। এই ভাবে ফল ফিরে আসাতে রাজা ভর্তৃহরির বৈরাগ্যোদয় হওয়ায় তিনি শতকত্রয় রচনায় প্রবৃত্ত হন। পত্নী অনঙ্গসেনার প্রতি বিরক্ত হয়ে তিনি রচনা করেন—

যাং চিন্তয়ামি সততং ময়ি সা বিরক্তা
সাপ্যন্যমিচ্ছতি জনং স জনোঽন্যসক্তঃ।
অস্মৎকৃতে চ পরিশুষ্যতি কাচিদন্যা
ধিক্তাঞ্চ তঞ্চ মদনঞ্চ ইমাঞ্চ মাঞ্চ।।

অর্থাৎ আমি যে রমণীকে সর্বদা চিন্তা করছি সে আমার প্রতি অনুরাগহীন। সেই রমণী আবার অন্য আর-একজনকে কামনা করে, সেই পুরুষ আবার অপর রমণীতে আসক্ত। কোনো এক অন্য রমণী আমার চিন্তায় পরিতৃপ্ত হয়। আমার অনুরাগের পাত্রীকে, তার প্রেমিক পুরুষকে, কামদেবকে, আমার প্রতি অনুরক্ত রমণীকে এবং আমাকেও ধিক্কার দিই।

Scanned by CamScanner

অন্য এক দন্তকথা অনুসারে ভর্তৃহরির পত্নীর নাম পদ্মাক্ষী। তিনি মগধরাজ সিংহসেনের কন্যা ছিলেন। আর এক জনশ্রুতি অনুসারে ভর্তৃহরি বিক্রমীয় সংবতের প্রবর্তক উজ্জয়িনীর রাজা বিক্রমাদিত্যের বড়ো ভাই ছিলেন। ভর্তৃহরির সম্পর্কে এই ভাবে বিভিন্ন তথ্য পাওয়া যায়।

ভর্তৃহরির অন্যান্য রচনা

যুধিষ্ঠির মীমাংসক তাঁর ব্যাকরণশাস্ত্রের ইতিহাস গ্রন্থে ভর্তৃহরি রচিত গ্রন্থতালিকা দিয়ে লিখেছেন— (১) বাক্যপদীয়, (২) বাক্যপদীয়টীকা (১-২) কাণ্ড, (৩) শতকত্রয়, (৪) মহাভাষ্যদীপিকা (মহাভাষ্যের টীকা), (৫) মীমাংসাভাষ্য, (৬) বেদান্তসূত্রবৃত্তি ও (৭) শব্দধাতুসমীক্ষা।

আকর শ্লোকের বিশ্লেষণ

শ্লোক-১

মূল

দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে।
স্বানুভূত্যেকমানায় নমঃ শান্তায় তেজসে।।

বঙ্গলিপি

দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে।
স্বানুভূত্যেকমানায় নমঃ শান্তায় তেজসে।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে স্বানুভূত্যেকমানায় শান্তায় তেজসে নমঃ।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে** (দশদিক ও ভূতাদি তিন কালে অবিনাশী, অনন্ত, চৈতন্যস্বরূপ); ● **স্বানুভূত্যেকমানায়** (নিজের অনুভবের দ্বারা প্রত্যক্ষযোগ্য) ; ● **শান্তায়** (শান্তিময়) ; ● **তেজসে** (প্রকাশরূপ পরব্রহ্মকে) ; ● **নমঃ** (নমস্কার)।

বঙ্গানুবাদ

দশদিক ও ভূতাদি তিন কালে অবিনাশী, অনন্ত, চৈতন্যস্বরূপ, নিজের অনুভবের দ্বারা প্রত্যক্ষযোগ্য, শান্তিময় এবং প্রকাশরূপ পরব্রহ্মকে নমস্কার।

সংস্কৃত টীকা

দিগ্দিশা। কালো ভুতভবিষ্যদ্বর্তমানলক্ষণ:। দিক্চ কালশ্চ দিক্কালৌ তাবাদী যেষাং তে দিক্কালাদয়:। আদিশব্দেন গুণাদয়ো গ্রাহ্মা:। দিক্কালাদিভিরনবচ্ছিন্নমপরিমিতম্। ন বিদ্যতে অন্তো যস্য তদনন্তম্। চিদেব চিন্মাত্রং মূর্তির্যস্য তচ্চিন্মাত্রমূর্তি কেবলং জ্ঞানস্বরূপম্। দিক্কালাদ্যনবচ্ছিন্নং চ তদন্তং চ চিন্মাত্রমূর্তি চ তস্মৈ। তথা চ শ্রুতি:—সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম ইতি। স্বস্যানুভূতি: স্বনুভুতিরেব একং মানং

Scanned by CamScanner

ব্রহ্মণ: পরিনিষ্ঠতরূপত্বাত্তদবগমে প্রমাণং যস্য তস্মৈ। একে মুখ্যান্যকেবলা: ইত্বমর:। শান্তায়। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনমিতি শ্রুতে:। তেজসে পরস্মৈ জ্যোতিষে ব্রহ্মণে নম:। তদেবা জ্যোতিষাং জ্যোতি: (উপাসতে) ইতি শ্রুতে:। নম:স্বস্ত্যাদিনা চতুর্থী। উক্তং চ পঞ্চদশ্যাং দেশকালান্যবস্তূনাং কল্পিতত্বাচ্চ মায়য়া। ন দেশাদিকৃতোঽন্তোঽস্তি ব্রহ্মানন্ত্যং স্ফুটং তথা।। ইতি।

অধ্যাপনা

সংস্কৃত কবিরা, শাস্ত্রকাররা গ্রন্থসমাপ্তি কামনায় গ্রন্থের আদিতে মঙ্গালাচরণ করতেন। যদিও মঙ্গালাচরণ গ্রন্থসমাপ্তির কারণ কি না সে বিষয়ে অনেক বিতর্ক রয়েছে। আবার মঙ্গালাচরণ গ্রন্থসমাপ্তির প্রতি কারণ কি না বিঘ্নধ্বংসের প্রতি কারণ সে বিষয়েও দার্শনিকগণের মধ্যে অনেক মতবিরোধ রয়েছে। গ্রন্থকার ভর্তৃহরি শিষ্টাচারের প্রতি নিজের শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক পরব্রহ্মের আশীর্বাদ প্রার্থনা করে অথবা পরব্রহ্মকে নমস্কারজ্ঞাপন করে গ্রন্থরচনায় প্রবৃত্ত হয়েছেন।

ছন্দঃ

অত্রানুষ্টুপ্ বৃত্তম্।

ব্যাকরণ

▸ **দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে**—দিক্ চ কালশ্চ দিক্কালৌ (ইতরেতর-দ্বন্দ্ব-সমাসঃ), দিক্কালৌ তৌ আদি যেষাং তে দিক্কালাদয়ঃ (বহুব্রীহি-সমাসঃ), দিক্কালাদিভিঃ অনবচ্ছিন্নম্ দিক্কালাবচ্ছিন্নং (তৃতীয়া-তৎপুরুষ-সমাসঃ), ন বিদ্যতে অন্তো যস্য তৎ অনন্তম্ (বহুব্রীহি-সমাসঃ), চিন্মাত্রং মূর্তিঃ যস্য তৎ চিন্মাত্রমূর্তিঃ (বহুব্রীহি-সমাসঃ), দিক্কালাবচ্ছিন্নং চ অনন্তং চ চিন্মাত্রমূর্তিঃ চ তস্মৈ দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে (দ্বন্দ্ব-সমাসঃ); ▸ **'নমঃ স্বস্তি-স্বাহা-স্বধালং-বষড্যোগাচ্চ'**—সূত্রানুসারেণ দিক্কালাদ্যনবচ্ছিন্নানন্তচিন্মাত্রমূর্তয়ে, স্বানুভূত্যেকমানায়, শান্তায়, তেজসে ইতি পদেষু চতুর্থীবিভক্তিঃ।

শ্লোক-২

অস্মিঞ্জগতীন্দ্রিয়াণাং চঞ্চলপ্রকৃতিকত্বাদদৃষ্টাদিদোষাদ্বা ন কদাচিত্ কস্যচিত্কস্যাশ্চিদ্বা ক্বচিত্প্রীতি: স্থিরাতো নরেণ তথা বর্তিতব্যং যথা মদনবশগো ন ভবেদিতি দর্শয়ন্নাহ

(এই জগতে মানুষেরা ইন্দ্রিয়ের চঞ্চলতাবশত অদৃষ্টাদিদোষবশত কোনো একজনের প্রতিকামনার বশবর্তী হয়ে যাতে প্রবৃত্ত না হন তাই বলা হয়েছে।)

মূল

যাং চিন্তয়ামি সততং ময়ি সা বিরক্তা
সাপ্যন্যমিচ্ছতি জনং স জনোঽন্যসক্ত:।
অস্মত্কৃতে চ পরিশুষ্যতি কাচিদন্যা
ধিক্তাঞ্চ তঞ্চ মদনঞ্চ ইমাঞ্চ মাঞ্চ।।

বঙ্গলিপি

যাং চিন্তয়ামি সততং ময়ি সা বিরক্তা
সাপ্যন্যমিচ্ছতি জনং স জনোঽন্যসক্তঃ।
অস্মৎকৃতে চ পরিশুষ্যতি কাচিদন্যা
ধিক্তাঞ্চ তঞ্চ মদনঞ্চ ইমাঞ্চ মাঞ্চ।।

Scanned by CamScanner

অন্বয় বা গদ্যরূপ পাঠ

অহং যাং সততং চিন্তয়ামি সা ময়ি বিরক্তা। সা অপি অন্যং জনম ইচ্ছতি, স জনঃ অন্যসক্তঃ। কাচিৎ অন্যা অস্মৎকৃতে চ পরিতুষ্যতি। তাং চ তং চ মদনং চ ইমাং চ মাং চ ধিক্।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **অহম্** (অস্মদিতি পদবাচ্যপিণ্ডবিশেষঃ—আমি); ● **যাং** (প্রেয়সীং—যে রমণীকে); ● **সততং** (সর্বদা—সর্বদা); ● **চিন্তয়ামি** (মনসি স্থাপয়ামি—চিন্তা করছি); ● **সা** (তাদৃশী রমণী—সে); ● **ময়ি** (মাং প্রতি—আমার প্রতি); ● **বিরক্তা** (অনুরাগশূন্যা—অনুরাগহীন); ● **সা** (নারী—সেই রমণী); ● **অপি** (পুনঃ—আবার); ● **অন্যং** (পুরুষান্তরং—অন্য আরেকজনকে); ● **জনম্ ইচ্ছতি** (বাঞ্ছতি—কামনা করে); ● **স** (পূর্বোক্তঃ—সেই); ● **জনঃ** (পুরুষ—পুরুষঃ); ● **অন্যসক্তঃ** (নার্যন্তরানুরক্তঃ—অপর রমণীতে আসক্ত); ● **কাচিৎ চ অন্যা** (ভিন্না কাচিৎ—এবং কোনো এক অন্য রমণী); ● **অস্মৎকৃতে** (মচ্চিন্তায়াং—আমার চিন্তায়); ● **পরিতুষ্যতি** (পরিতৃপ্তা—পরিতৃপ্ত হয়); ● **তাং** (মৎপ্রিয়াং—আমার অনুরাগের পাত্রীকে); ● **চ** (উত—ও); ● **তং** (মৎপ্রিয়াপ্রেমাস্পদং—তার প্রেমিক পুরুষকে); ● **চ** (উত—ও); ● **মদনং** কামদেবং—কামদেবকে); চ (উত —ও); ● **ইমাং** (ময়্যনুরক্তাং—আমার প্রতি অনুর); ● **চ** = (উত—ও); ● **মাং** (স্বং—আমাকে); ● **চ** (উত —ও); ● **ধিক্** (ধিক্কারং জ্ঞাপয়ামি—ধিক্কার দিই)।

বঙ্গানুবাদ

আমি যে রমণীকে সর্বদা চিন্তা করছি সে আমার প্রতি অনুরাগহীন। সেই রমণী আবার অন্য আর একজনকে কামনা করে, সেই পুরুষ আবার অপর রমণীতে আসক্ত। কোনো এক অন্য রমণী আমার চিন্তায় পরিতৃপ্ত হয়। আমার অনুরাগের পাত্রীকেও, তার প্রেমিক পুরুষকেও, কামদেবকেও, আমার প্রতি অনুরক্ত রমণীকেও এবং আমাকেও ধিক্কার দিই।

সংস্কৃত টীকা

কস্যাপি নির্বিণ্ণস্য বিষয়িণ উক্তিরিয়ম্। যাং সততং সর্বকালং মম প্রাণপ্রিয়েতি চিন্তয়ামি সা বস্তুতো ময়ি বিরক্তা বিরতানুরাগা। অন্যং জনমুপনীতম্। অনস্যাং সক্তঃ অন্যসক্তঃ। সর্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবঃ ইতি পূর্বপদস্য পুংবদ্ভাবঃ। পরিশুষ্যতি উত্তাম্যতি। পরিতুষ্যতীতি পাঠে মামুদ্দিশ্য সংতোষমেতীত্যর্থঃ। অতঃ তাং মত্প্রিয়াং ধিক্। ধিক্শব্দযোগে দ্বিতীয়া। তস্যা অভীষ্টং জনং চ ধিক্। সর্বমিদং মদনকৃতমিতি তমপি ধিক্। ইমাং পুংশ্চলীং চ ধিক্। অহমপি বহিরাকাররমণীয়তয়া স্ত্রিয়ৈবং বঞ্চিত ইতি মামপি ধিক্। স্যষ্টমন্যত্। চ ইমামিত্যত্র-সংহিতৈকপদে নিত্যা ধাতূপসর্গয়োঃ। নিত্যা সমাসে বাক্যে তু সা বিবক্ষামপেক্ষতে।। ইতি সন্ধিঃ কৃতঃ। আলংকারিকাণং মতে ত্বত্র বিসন্ধিদোষঃ। বসন্ততিলকং বৃত্তম্। অত্রেয়ং কিংবদন্তী শ্রূয়তে-কেনাপি যোগিনা। ব্রাহ্মণেনেতি ক্বচিত্। জরামৃত্যুরাহিত্যপ্রাপকং ফলং ভর্তৃহরয়ে দত্তম্। রাজা তদাত্মপ্রিয়ায়ৈ দত্তবান্। সা চান্যমনস্কঃ তদান্মনো জারায় দত্তবতী। তেনাপি তত্কস্যৈচিত্স্বপ্রণয়িন্যৈ দত্তম্। তস্যাপি সর্বেষাং পালকো নৃপ এব জরামরণরাহিত্যমর্হতীতি কৃত্বা তত্পুনা রাজ্ঞে দত্তম্। তদ্দৃষ্টা পরমং বৈরাগ্যমাপন্নো ভর্তৃহরির্বনং জিগমিষুরিদং শতকত্রয়ং রচয়ামাসেতি। এবং সত্যপ্যেতস্মিঞ্শতকং নার্হতি স্থানমেতত্পদ্যম্। নীতিশাস্ত্রবিত্কবিঃ স্বয়মেব স্বগৃহচ্ছিদ্রমেবং স্ফুটীকুর্যাদিত্যপি ন সম্ভবতীত্যলং প্রাসঙ্গিকেন।

Scanned by CamScanner

অধ্যাপনা

অধ্যাপক এম. আর. কালে মহোদয় মনে করেন আলোচ্য শ্লোকে ভর্তৃহরির শতকত্রয় রচনার ইতিহাস লুক্কায়িত রয়েছে। একজন ব্রাহ্মণ জরা ও মৃত্যুর নাশক একটি ফল রাজা ভর্তৃহরিকে দান করেন। রাজা সেই ফল নিজের প্রাণপ্রিয়া পত্নীকে দেন। রাজার পত্নী তা নিজের জারকে অন্যমনস্ক হয়ে দিয়ে দেন। সেই জার আবার নিজের অন্য এক প্রণয়িনীকে দেন। সেই রমণী প্রজাপালক রাজার দীর্ঘজীবী হওয়া উচিত ভেবে রাজাকে দিয়ে দেন। এই ভাবে ফল ফিরে আসাতে রাজা ভর্তৃহরির বৈরাগ্যোদয় হয়, তিনি শতকত্রয় রচনায় প্রবৃত্ত হন। শ্লোকে সন্ধি অবশ্য করণীয়। কিন্তু চ ইমাং এই পদদুটির সন্ধি হয়নি। তাই আলঙ্কারিকদের মতে বিসন্ধিদোষ হয়েছে।

ছন্দঃ

বসন্ততিলকং বৃত্তম্, জ্ঞেয়ং বসন্ততিলকং তভজা জগৌ গঃ ইতি তল্লক্ষণম্।

ব্যাকরণ

◗ তাম্, তম্, মদনম্, ইমাম্, মাম্ ইত্যেতেভ্যঃ শব্দেভ্যঃ ধিগিতি শব্দযোগাৎ দ্বিতীয়াবিভক্তিঃ। ◗ পরিশুষ্যতি ইত্যস্য স্থলে পরিতুষ্যতি ইতি পাঠভেদঃ দৃশ্যতে। কালেমহোদয়স্য মতে পারিতুষ্যতি ইতি স্বীকারে মাং প্রতি সন্তোষঃ ইতি অর্থঃ ভবেৎ।

শ্লোক-৩

অধুনা ব্যবহারস্বরূপবৈবিধ্যপরিজ্ঞানার্থং বিষয়ং দশধা বিভজ্যাদৌ অজ্ঞপদ্ধতিং বর্ণয়িতুমারভে
(এখন বিবিধ প্রকার ব্যবহারের পরিচয় দিতে গিয়ে বর্ণনীয় বিষয়কে দশভাগে
বিভক্ত করে অজ্ঞের স্বরূপ বর্ণনা করা হচ্ছে)

মূল

অজ্ঞঃ সুখমারাধ্যঃ সুখতরমারাধ্যতে বিশেষজ্ঞঃ।
জ্ঞানলবদুর্বিদগ্ধং ব্রহ্মাপি নরং ন রঞ্জয়তি।।

বঙ্গলিপি

অজ্ঞঃ সুখমারাধ্যঃ সুখতরমারাধ্যতে বিশেষজ্ঞঃ।
জ্ঞানলবদুর্বিদগ্ধং ব্রহ্মাপি নরং ন রঞ্জয়তি।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

অজ্ঞঃ সুখম্ আরাধ্যঃ বিশেষজ্ঞঃ সুখতরম্ আরাধ্যতে, জ্ঞানলবদুর্বিদগ্ধং নরং ব্রহ্মা অপি ন রঞ্জয়তি।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **অজ্ঞঃ** (হিতাহিতবিবেকশূন্যঃ—হিতাহিত জ্ঞানশূন্য অজ্ঞপুরুষকে); ● **সুখম্ আরাধ্যঃ** (অনায়াসেন পরিতর্পণীয়ঃ —পরিতৃপ্ত করা খুবই সহজ); ● **বিশেষজ্ঞঃ** (যুক্তাযুক্তজ্ঞানবান্—যুক্তাযুক্তবিষয়ে জ্ঞানবান মনুষ্যকে); ● **সুখতরম্** (স্বল্পতরেণায়াসেন—সহজতরভাবে); ● **আরাধ্যতে** (পরিতৃপ্যতে—সন্তুষ্ট করা সুগমতর কার্য);

Scanned by CamScanner

● **জ্ঞানলবদুর্বিদগ্ধং** (জ্ঞানলেশপণ্ডিতং—জ্ঞানের লেশমাত্রের দ্বারা পণ্ডিত); ● **নরং** (জনং—মনুষ্যকে); ● **ব্রহ্মা অপি** (সৃষ্টিকর্তা অপি—ব্রহ্মাও); ● **ন রঞ্জয়তি** (প্রসাদয়িতুমসমর্থঃ—প্রসন্ন করতে অসমর্থ)।

বঙ্গানুবাদ

হিতাহিত জ্ঞানশূন্য অজ্ঞপুরুষকে পরিতৃপ্ত করা খুবই সহজ, যুক্তাযুক্ত বিষয়ে জ্ঞানবান মনুষ্যকে সন্তুষ্ট করা সুগমতর কার্য। কিন্তু জ্ঞানের লেশমাত্রের দ্বারা পণ্ডিত মানুষকে (অল্পজ্ঞকে)প্রসন্ন করতে ব্রহ্মাও অসমর্থ।

সংস্কৃত টীকা

জানাতীতি জ্ঞঃ। ন জ্ঞঃ অজ্ঞঃ। অজ্ঞানোঽজাতশঙ্কঃ বিবেকবিকলো বা শিষ্টোক্তং শৃণোত্যাচরতি চ অতঃ। সুখমনায়াসেন আরাধ্যঃ সমাধাতুং শক্যঃ। বিশেষং জানাতীতি বিশেষজ্ঞঃ। আতোঽনুপসর্গে কঃ ইতি কপ্রত্যয়ঃ। সুখতরঃ যুক্তাযুক্তস্য তৎকালজ্ঞাদাদত্যন্তভনায়াসেন আরাধ্যতে। কিন্ত্বতো বিলক্ষণঃ জ্ঞানস্য লবেন দুর্বিদগ্ধো দুশ্চতুরস্তম্। জ্ঞানলেশমাত্রেণাত্মানং পণ্ডিতমানিনম্। ব্রহ্মা সর্বশক্তিমান্নপি। কা কথেতরেষামিতি ভাবঃ। ন রঞ্জয়তি রঞ্জয়িতুং শক্নোতি। যুক্তিসহস্রেণাপি তন্মনঃ সমাধানস্য দুঃসম্পাদ্যত্বাদিতি ভাবঃ। অত্র রঞ্জনসম্বন্ধেঽপ্যসম্বন্ধাভিধানাদতিশয়োক্তিরলঙ্কারঃ। বৃত্তমার্যামিদঃ। তল্লক্ষণম্। যস্যাঃ প্রথমে পাদে দ্বাদশমাত্রাস্তথা তৃতীয়েঽপি। অষ্টাদশ দ্বিতীয়ে চতুর্থকে পঞ্চদশ সার্যা।। ইতি।

অধ্যাপনা

আলোচ্য শ্লোকে তিনপ্রকার মানুষের কথা বলা হয়েছে—(১) **অজ্ঞ ঃ** যিনি হিত ও অহিত জ্ঞানশূন্য। এইরকম ব্যক্তিকে বোঝা সহজ। (২) **বিশেষজ্ঞ ঃ** যিনি শ্রেয়ঃ ও প্রেয়ঃ সম্পর্কে বিচার করতে সামর্থ। এইরকম ব্যক্তিকে বোঝা সহজতর। (৩) **অল্পজ্ঞ ঃ** জ্ঞানের লেশমাত্র লাভ করে নিজেকে যিনি সর্বজ্ঞ মনে করেন এবং এর ফলে তার চিত্ত সর্বদা অহংকারের দ্বারা পরিপূর্ণ থাকে। এইরকম ব্যক্তিকে বোঝা ব্রহ্মার পক্ষেও অসম্ভব।

অন্যত্রও পাওয়া যায়—

"Little learning is a dangerous thing—
Drink deep—or taste not the Pierian spring—
There shallow draughts intoxicate the brain"

Pope's Essay on Criticism Part II

ज्ञानी समुझत सहज में, पर जिन नर मे अभिमान।
मनरंजन तिनका कभी संभव नांहि सुजान।। (रसिक कवि)

ছন্দঃ

অত্র আর্যা বৃত্তম্। যত্র প্রথমে তথা তৃতীয়ে পাদে দ্বাদশমাত্রাঃ তথা দ্বিতীয়ে তথা চতুর্থে অষ্টাদশমাত্রাঃ তত্র আর্যা ভবতি।

ব্যাকরণ

▸ **বিশেষং জানাতি যঃ সঃ**—বিশেষজ্ঞঃ (উপপদ-তৎপুরুষ-সমাসঃ); বিশেষপূর্বকাৎ জ্ঞাধাতোঃ ক্তপ্রত্যয়ঃ আতোমনুপসর্গে কঃ ইতি সূত্রম্। ▸ **অজ্ঞঃ**—জানাতি যঃ সঃ জ্ঞঃ (উপপদ-তৎপুরুষ-সমাসঃ); ▸ **ন জ্ঞঃ অজ্ঞঃ** (নঞ-তৎপুরুষ-সমাসঃ); ▸ **সুখমারাধ্যঃ**—সুখেন আরাধ্যঃ (তৃতীয়া-তৎপুরুষ-সমাসঃ)।

Scanned by CamScanner

শ্লোক-৪

অথ প্রতিনিবিষ্টমূর্খচিত্তস্য দুরাराध্যতামেবাহ দ্বাভ্যাম্
(এখন অজ্ঞানাচ্ছ মূর্খচিত্তের দুঃখারাধ্যতা দুটি শ্লোকে বলা হয়েছে)

মূল

প্রসহ্য মণিমুদ্ধরেন্মকরবক্রদংষ্ট্রান্তরা-
ত্সমুদ্রমপি সংতরেন্নচলদূর্মিমালাকুলম্।
ভুজঙ্গমপি কোপিতং শিরসি পুষ্পবদ্ধারয়ে-
ন্ন তু প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তমারাধয়েত্।।

বঙ্গলিপি

প্রসহ্য মণিমুদ্ধরেন্মকরবক্রদংষ্ট্রান্তরা-
ত্মুদ্রমপি সংতরেৎ চলদূর্মিমালাকুলম্।
ভুজঙ্গামপি কোপিতং শিরসি পুষ্পবদ্ধারয়ে-
ন্ন তু প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তমারাধয়েৎ।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

মকরবক্রদংষ্ট্রান্তরাৎ প্রসহ্য মণিমুদ্ধরেৎ, প্রচলদূর্মিমালাকুলং সমুদ্রমপি সন্তরেৎ। কোপিতং ভুজঙ্গামপি শিরসি পুষ্পবদ্ ধারয়েৎ, প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তং তু ন আরাধয়েৎ।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **মকরবক্রদংষ্ট্রান্তরাৎ** (মকরাখ্যজন্তুবিশেষদন্তসমূহাভ্যন্তরাৎ—কুমিরের দন্তসমূহের মধ্যস্থিত); ● **প্রসহ্য মণিমুদ্ধরেৎ** (বলপুর্বকং মণেঃ উদ্ধরণং সম্ভবেৎ—মণিকে বলপূর্বক উদ্ধার করা যেতে পারে); ● **প্রচলদূর্মিমালাকুলং** (চঞ্চলতরঙ্গসমূহাকুলং—তরঙ্গমালার দ্বারা উত্তাল); ● **সমুদ্রমপি সন্তরেৎ** (সাগরমপি পারং গচ্ছেৎ—সমুদ্রে সন্তরণ কেউ করতে পারে); ● **কোপিতং** (কুদ্ধং—ক্রুদ্ধ); ● **ভুজঙ্গামপি** (নাগরাজমপি —নাগরাজকে); ● **শিরসি** (মস্তকে—মস্তকে); ● **পুষ্পবদ্** (কুসুমবৎ—পুষ্পমালার মতো); ● **ধারয়েৎ** (স্থাপয়েৎ —ধারণ কেউ করতে পারে); ● **প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তং** (দুরাগ্রহগ্রস্তং মূর্খহৃদয়ং (দুর্গুণের মধ্যে আবদ্ধ মূর্খের চিত্তকে); ● **তু** (প্ররন্তু—কিন্তু); ● **ন আরাধয়েৎ** (রঞ্জয়িতুং ন শক্যতে—সদগুণযুক্ত করতে কেউ পারে না)।

বঙ্গানুবাদ

কুমিরের দন্তসমূহের মধ্যস্থিত মণিকে বলপূর্বক উদ্ধার করা যেতে পারে, প্রচণ্ড তরঙ্গমালার দ্বারা উত্তাল সমুদ্রে সন্তরণ কেউ করতে পারে, ক্রুদ্ধ নাগরাজকে মস্তকে পুষ্পমালার মতো ধারণ কেউ করতে পারে। কিন্তু দুর্গুণের মধ্যে আবদ্ধ মূর্খের চিত্তকে সদগুণযুক্ত করতে কেউ পারে না।

সংস্কৃত টীকা

মকরো জলজন্তুভেদ:। তস্য বক্ত্রং তস্য দংষ্ট্রে তথোরন্তরান্মধ্যাত্। প্রসহ্য হঠান্মণিমুদ্ধরেত্। উদ্ধর্তুমশক্যমপীত্যর্থ:। অত্রোত্তস্মিন্পদ্যে চ সর্বত্র শক্যার্থে বিধিলিঙ্। নর ইতি শেষ:। ঊর্মীণাং মালা

Scanned by CamScanner

ऊर्मीमाला: प्रचलन्त्यश्च ता ऊर्मिमालाश्च प्रचलदूर्मिमालास्ताभि:। प्रचलन्तश्च ते ऊर्मयश्च तेषां मालाभिरिति वा। आकुलस्तं दुस्तरमपीत्यर्थ:। संतरेत् बाहुभ्यां वा प्लवसाधनेन। कोपितं कोपोऽस्य सञ्जात: तं सञ्जातकोपम्। तारकादेराकृतिगणत्वादितच् यद्वा प्रापितम् पुष्पेण तुल्यं पुष्पवत्पुष्पस्रजमिव। तेन तुल्यं क्रियाचेद्वति। इति वतिप्रत्यय:। किन्तु प्रतिनिविष्टं सति असति वा वस्तुनि जाताभिनिवेशम्। दुराग्रशहाविष्टमित्यर्थ: मूर्खजनस्य चित्तम्। प्रतिनिविष्टश्चासौ मूर्खजनश्च तस्य चित्तमिति वा। नाराधयेत्। सर्वेषां साधनानां प्रतिहतत्वात्। अत्र मण्युद्धरणाद्यसम्बन्धेऽपि तत्सम्बन्धाभिधानादतिशयोक्तिरलङ्कार:। पृथ्वी वृत्तम्।

অধ্যাপনা

আলোচ্যশ্লোকে মূর্খব্যক্তির নিন্দা করে গ্রন্থকার বলেছেন মূর্খের চিত্তবিনোদন করা কখনোই সম্ভব নয়। মানুষ মকরের দন্তসমূহের মধ্যস্থিত মণিকে বলপূর্বক উদ্ধার করার চেষ্টা করলেও করতে পারে, প্রচণ্ড তরঙ্গমালার দ্বারা উত্তাল সমুদ্রে সন্তরণ করার চেষ্টা কেউ করতে পারে, ক্রুদ্ধ নাগরাজকে মস্তকে পুষ্পমালার মতো ধারণ কেউ করতে পারে। এই সমস্ত কর্মই প্রায় অসম্ভব। তবুও মানুষ দুঃসাহস করে এই সমস্ত কর্মেও প্রবৃত্ত হতে পারে। কিন্তু দুর্গুণের মধ্যে আবদ্ধ মূর্খের চিত্তকে সদগুণ যুক্ত করতে কেউ পারে না। ভামিনীবিলাসে অনুরূপ উক্তি পাওয়া যায়—

হলাহলং খলু পিপাসতি কৌতুকেন,
কালানলং পরিচুচুম্বিষতি প্রকামম্।
ব্যালাধিপং চ যততে পরিরব্ধু মদ্ধা
যো দুর্জনং বশয়িতুং তনুতে মনীষাম্।। (ভা.বি.৯০)

ছন্দঃ ও অলংকার

অত্র পৃথ্বীতি ছন্দঃ, তল্লক্ষণং হি 'জসৌ জসযলা বসুগ্রহযতিশ্চ পৃথ্বী গুরুঃ' ইতি। যত্র প্রতিপাদং জ-স-জ-য-ল-গ-গণাস্তিষ্ঠন্তি তত্র পৃথ্বী ইতি ছন্দঃ ভবতি। তথা অতিশয়োক্তিঃ অলঙ্কারঃ।

ব্যাকরণ

▸ **মকরবক্রদংষ্ট্রান্তরাৎ**—বক্রাশ্চৈতা দংষ্ট্রাশ্চেতি—বক্রদ্রংষ্টাঃ (কর্মধারয় সমাসঃ); মকরস্য বক্রদ্রংষ্টাঃ মকরবক্রদ্রংষ্টাঃ (ষষ্ঠী-তৎপুরুষঃ), মকরবক্রদ্রংষ্টানাম্ অন্তরম্ তস্মাৎ-মকরবক্রদংষ্ট্রান্তরাৎ (ষষ্ঠী-তৎপুরুষঃ); ▸ **প্রচলদূর্মিমালাকুলং**—ঊর্মীণাং মালা-ঊর্মিমালা (ষষ্ঠী-তৎপুরুষঃ), প্রচলন্তী ঊর্মিমালা প্রচলদূর্মিমালা (কর্মধারয়ঃ) প্রচলদূর্মিমালয়া আকুলম্ প্রচলদূর্মিমালাকুলম্ (তৃতীয়া-তৎপুরুষঃ); ▸ পুষ্পেণ তুল্যং পুষ্পবৎ, তেন তুল্য ক্রিয়াচেদ্বতি ইতি সূত্রেণ বতিপ্রত্যয়ো ভবতি। ▸ ভুজঙ্গাম্ ভুজং (বক্রং) গচ্ছতি যঃ সঃ (উপপদ-তৎপুরুষঃ)।

শ্লোক-৫

অধুনা ঘটিতঘটনমপি সংভবেন্ন তু মূর্খচিত্তারাধনমিত্যাহ
(মূর্খের চিত্তকে সন্তুষ্ট করা যায় না। সেই প্রসঙ্গে বলা হয়েছে)

মূল

লভেত সিকতাসু তৈলমপি যত্নত: পীডয-
ন্পিবচ্চ মৃগতৃষ্ণিকাসু সলিলং পিপাসার্দিত:।
কদাচিদপি পর্যটচ্ছশবিষাণমাসাদয়ে
ন্ন তু প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তমারাধয়েত্।।

Scanned by CamScanner

বঙ্গলিপি

লভেত সিকতাসু তৈলমপি যত্নতঃ পীড়য়-
ন্‌পিবচ্চ মৃগতৃষ্ণিকাসু সলিলং পিপাসার্দিতঃ।
কদাচিদপি পর্যটঞ্ছশবিষাণমাসাদয়ে-
ন্ন তু প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তমারাধয়েৎ।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

যত্নতঃ পীড়য়ন্ সিকতাসু তৈলমপি লভেত, পিপাসার্দিতঃ মৃগতৃষ্ণিকাসু সলিলং চ পিবেৎ, পর্যটন্ কদাচিৎ শশবিষাণম্ অপি আসাদয়েৎ তু প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তং ন আরাধয়েৎ।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **যত্নতঃ** (যত্নপূর্বকং—যত্নপূর্বক); ● **পীড়য়ন্** (মর্দয়ন্—মর্দন করতে করতে); ● **সিকতাসু** (বালুকাসু—বালুকাকণা থেকেও); ● **তৈলমপি** (স্নেহপদার্থমপি—তেলও); ● **লভেত** (প্রাপ্নুয়াৎ—নিঃসৃত হতে পারে); ● **পিপাসার্দিতঃ** (তৃষ্ণয়া পীড়িতঃ—তৃষ্ণার্ত ব্যক্তি); ● **মৃগতৃষ্ণিকাসু** (মরীচিকাসু—মরুস্থলে); ● **সলিলং চ** (জলমপি—জলও); ● **পিবেৎ** (পাতুং শক্নুয়াৎ—পান করতে পারে); ● **পর্যটন্** (পরিভ্রমন্—পৃথিবীতে ভ্রমণ করতে করতে); ● **কদাচিৎ** (কস্মিংশ্চিৎ সময়ে—কখনও); ● **শশবিষাণম্ অপি** (শশশৃঙ্গামপি—খরগোশের সিংও); ● **আসাদয়েৎ** (লভেত—দেখা যেতে পারে); ● **তু** (পরন্তু—কিন্তু); ● **প্রতিনিবিষ্টমূর্খজনচিত্তং** (দুরাগ্রহযুক্তহৃদয়ং—দুরাগ্রহী মূর্খের মনকে); ● **ন আরাধয়েৎ** (বশীকরণং ন সম্ভবেৎ—নিজের বশে করতে পারে না)।

বঙ্গানুবাদ

যত্নপূর্বক মর্দন করতে করতে হয়তো বালুকাকণা থেকেও তেল নিঃসৃত হতে পারে, তৃষ্ণার্ত ব্যক্তি হয়তো মরুস্থলে জলও পান করতে পারে, পৃথিবীতে ভ্রমণ করতে করতে খরগোশের সিংও কখনও দেখা যেতে পারে। কিন্তু দুরাগ্রহী মূর্খের মনকে কোনো মনুষ্যই নিজের বশে করতে পারে না।

সংস্কৃত টীকা

যন্তত: প্রযাসাত্। পঞ্চম্যাস্তসি:। পীডযন্নদ্‌ভূতযন্ত্রাদিনা। সিকতাসু বালুকাসু। তৈলং তিলস্য তৎসদৃশস্য বা বিকার:। বিকারার্থে অণ্। লভেত লব্ধুং শক্নুযাত্। কশ্চিদিতি শেষ:। পাতুমিচ্ছা পিপাসা। পা পানে ইত্যস্মাদ্ধাতো: সন্যন্স্ত্রিযামপ্রত্যযে টাপ্। তযা অর্দিত: পীডিত:। মৃগাণাং তৃষ্ণাস্যাং মৃগতৃষ্ণা। সা এব মৃগতৃষ্ণিকা। অত্র স্বার্থে কপ্রত্যযে প্রত্যাযাস্থাত্কাত্পূর্বস্যাত্ ইদাপ্সুপ: ইতীকার:। কেবলং জলপ্রমদাযিনীষ্বপি। মৃগতৃষ্ণিকাসু মরীচিকাসু। সলিলং জলম্। কদাচিদনুকুলবেলাযাং পর্যটন্ তত্র ভূপ্রদেশে চরন্। শশস্য শৃঙ্গমপি আসাদযিতুং লব্ধুং শক্নুযাত্। পূর্ববদতিশযোকত্যলঙ্কার:। বৃত্তং পৃথ্বী। অত্র প্রথমদ্বিতীযচতুর্থপাদেষু সিকতাসু তৈলমিত্যাদৌ অষ্টমবর্ণে ইষ্টস্য বিচ্ছেদস্যাভাবাত্ যতিভ্রষ্টনামা দোষ:। তদুক্তং বিদ্যানাথেন। যত্র স্থানে যতিভংশস্তদ্যতি ভ্রষ্টমুচ্যতে। অত্র কেচিত্ সিকতানাং সুতৈলং সিকতাসু তৈলমেবং মৃগতৃষ্ণিকাসু সলিলমিত্যেকং পদং বাঞ্ছন্তি। বৃত্তং পৃথ্বী।

অধ্যাপনা

বালুকাতে তৈলপ্রাপ্তি, মরীচিকায় জললাভ, শশকের শৃঙ্গাদর্শন অসম্ভব। এইসব অসম্ভব কখনও সম্ভব হতে

Scanned by CamScanner

পারে। কিন্তু মূর্খের চিত্তবিনোদন কখনোই সম্ভব নয়। পৃথ্বী ছন্দে অষ্টম অক্ষরের পর যতি হয় কিন্তু সিকতাসু তৈলম্ এই অংশে যতি না হওয়ায় যতিভ্রষ্টনামক দোষ হয়েছে। সুভাষিতবলীতে ভর্তৃহরি বলেছেন—

অরণ্যরুদিতং কৃতং শবশরীরমুদ্বর্তিতং, স্থলেঽব্জমবরোপিতং সুচিরমূষরে বর্ষিতম্।
শ্বপুচ্ছমবনামিতং বধিরকর্ণজাপ: কৃত: কৃতান্ধমুখমণ্ডনা যদ্বুধো জন: সেবিত:।।

ছন্দঃ ও অলংকার

অত্র পৃথ্বীতি ছন্দঃ, তল্লক্ষণং হি 'জসৌ জসযলা বসুগ্রহযতিশ্চ পৃথ্বী গুরুঃ' ইতি। য প্রতিপাদং জ-স-জ-য-ল-গ-গণাস্তিষ্ঠন্তি তত্র পৃথ্বী ইতি ছন্দঃ ভবতি। তথা অতিশয়োক্তিঃ অলঙ্কারঃ।

ব্যাকরণ

পিপাসার্দিতঃ—পিপাসয়া আর্দিতঃ (তৃতীয়া তৎপুরুষঃ), পাতুমিচ্ছা—পিপাসা, পাধাতোঃ সন্প্রত্যয়স্তথা টাপ্প্রত্যয়ঃ। **মৃগতৃষ্ণিকাসু**—তৃষ্ণা এব তৃষ্ণিকা, মৃগাণাং তৃষ্ণিকা তাসু (ষষ্ঠী তৎপুরুষঃ সমাসঃ)।

শ্লোক-৬

মূল

ব্যালং বালমৃণালতন্তুভিরসৌ রোদ্ধুং সমুজ্জৃম্ভতে
ছেত্তুং বজ্রমণীঞ্ছিরীষকুসুমপ্রান্তেন সন্নহ্যতে।
মাধুর্যং মধুবিন্দুনা রচয়িতুং ক্ষারাম্বুধেরীহতে
নেতুং বাঞ্ছতি য: খলাৎপথি সতাং সূক্তৈ: সুধাস্যন্দিভি:।।

বঙ্গলিপি

ব্যালং বালমৃণালতন্তুভিরসৌ রোদ্ধুৎ সমুজ্জৃম্ভতে
ছেত্তুং বজ্রমণীঞ্ছিরীষকুসুমপ্রান্তেন সন্নহ্যতে।
মাধুর্যং মধুবিন্দুনা রচয়িতুং ক্ষারাম্বুধেরীহতে
নেতুং বঞ্ছতি যঃ খলাৎপথি সতাং সূক্তৈঃ সুধাস্যন্দিভিঃ।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

যঃ সুধাস্যন্দিভিঃ সূক্তৈঃ খলান্ সতাং পথি নেতুং বাঞ্ছতি, বালমৃণালতন্তুভিঃ ব্যালং রোদ্ধুং সমুজ্জৃম্ভতে, শিরীষকুসুম্ প্রান্তেন বজ্রমণীম্ ছেত্তুং সংনহ্যতে, মধুবিন্দুনা ক্ষারাম্বুধেঃ মাধুর্যং রচয়িতুম্ ঈহতে।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **যঃ** (যঃ জনঃ—যে ব্যক্তি); ● **সুধাস্যন্দিভিঃ** (অমৃতবর্ষিভিঃ—অমৃতবর্ষী); ● **সূক্তৈঃ** (শোভনবাক্যৈঃ—শোভন উক্তির দ্বারা); ● **খলান্** (দুষ্টান্—দুর্জনগণকে); ● **সতাং পথি** (সজ্জনানাং মার্গে—সজ্জনানুসৃত পথে); ● **নেতুং** (আনেতুং—আনার); ● **বাঞ্ছতি** (ইচ্ছতি—অভিলাষ করছেন); ● **বালমৃণালতন্তুভিঃ** (নবীনপদ্মসূত্রৈঃ—সে কোমল মৃণালতন্তু দ্বারা); ● **ব্যালং** (দুষ্টগজং—দুষ্ট হস্তীকে); ● **রোদ্ধুং** (বন্ধুং—বন্ধন করতে); ● **সমুজ্জৃম্ভতে** (প্রযততে—প্রয়াসী হয়); ● **শিরীষকুসুম্ প্রান্তেন** (শিরীষপুষ্পধারয়া

Scanned by CamScanner

—শিরীষফুলের প্রান্তভাগ দ্বারা); ● **বজ্রমণীম্** (হীরকখণ্ডং—হীরকখণ্ড); ● **ছেত্তুং** (ভেত্তুং—ছেদনে); ● **সংনহ্যতে** (সঞ্চেষ্টতে—বদ্ধপরিকর হয়); ● **মধুবিন্দুনা** (মধুমাত্রেণ—মধুবিন্দু দ্বারা); ● **ক্ষারাম্বুধেঃ** (লবণসমুদ্রস্য—লবণাক্ত সমুদ্রের); ● **মাধুর্যং রচয়িতুম্** (মনোহারিত্বং সম্পাদয়িতুং—মাধুর্যবিধানে); ● **ঈহতে** (চেষ্টতে—তৎপর হয়)।

বঙ্গানুবাদ

যে ব্যক্তি অমৃতবর্ষী শোভন উক্তির দ্বারা দুর্জনগণকে সজ্জনানুসৃত পথে আনার অভিলাষ পোষণ করে, সে কোমল মৃণালতন্তু দ্বারা দুষ্ট হস্তীকে বন্ধন করতে প্রয়াসী হয়, সে শিরীষফুলের প্রান্তভাগ দ্বারা হীরকখণ্ড ছেদনে বদ্ধপরিকর হয়, সে মধুবিন্দু দ্বারা লবণাক্ত সমুদ্রের মাধুর্যবিধানে তৎপর হয়।

সংস্কৃত টীকা

অসৌ নরः व्यालं दुष्टगजम्। व्यालो दुष्टगजे सर्पे इति विश्वमेदिन्यौ। बालं च तन्मृणालं बिसं तस्य तन्तुभिः। रोद्धुं नियन्तुमुज्जृम्भते। कृतोत्साहो भवति। वज्रो हीरकः मणिः वज्रमणीस्तम्। तीक्ष्णलोहेनानलेख्यमपीत्यर्थः। शिरीषकुसुमं सर्वेषु कुसुमेषु म्रदिष्टं तस्य प्रान्तेन। प्रकृष्टोऽन्तः प्रान्तस्तेन। छेत्तुं सन्नद्यते बद्धपरिकरो भवति। क्षारश्चासावम्बुधिश्च तस्य। मुधुरातीति मधुरं मधुरस्य भावो माधुर्यं तत्। ईहते वाञ्छति। क इत्याकांक्षायामाह—यः सुध स्यन्दते तच्छीलैः अमृतस्राविभिः सूक्तैः प्रियभाषणैः। स्पष्टमत्यत्। मूर्खं यः प्रतिनेतुमित्यादिपाठे प्रतिनेतुमनुनेतुमित्यर्थः। अलङ्कारो मालानिदर्शना। न चायं दृष्टान्तः। वाक्यभेदेन प्रतिविम्बकारणापेक्षेपे तस्योत्थानात्। अत्र तु वाक्यार्थे वाक्यार्थसमारोपाद् वाक्यस्यैकवाक्यतायां तदभावः इत्यलङ्कारसर्वस्वकारः। शार्दुलविक्रीडितं वृत्तम्।

অধ্যাপনা

নীতিশতকের এই শ্লোকের সঙ্গে মহাকবি কালিদাসের 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের প্রথমাঙ্কের 'ইদং কিলাব্যাজমনোহরং.....' ইত্যাদি শ্লোকের সাদৃশ্য রয়েছে। অভিজ্ঞানশকুন্তলম্ নাটকে রাজা দুষ্যন্ত নিসর্গসুন্দরশরীরবিশিষ্টা কোমলশরীরা শকুন্তলাকে আশ্রমকর্মে নিযুক্তা দেখে মহর্ষি কণ্বকে অদূরদর্শী বলেছেন। কারণ কোমলশরীরা শকুন্তলাকে আশ্রমকর্মে নিযুক্ত করার প্রচেষ্টা কোমল পদ্মের পাতার প্রান্তভাগ দ্বারা কঠিন শমীতরু ছেদনের প্রয়াসের সমান। আলোচ্যশ্লোকে বলা হয়েছে—যে ব্যক্তি অমৃতবর্ষী শোভন উক্তির দ্বারা দুর্জনগণকে সৎপথে আনার অভিলাষ পোষণ করে, সে কোমল মৃণালতন্তু দ্বারা দুষ্ট হস্তীকে বন্ধন করতে প্রয়াসী হয়, সে শিরীষফুলের প্রান্তভাগ দ্বারা হীরকখণ্ড ছেদনে বদ্ধপরিকর হয়, সে মধুবিন্দু দ্বারা লবণাক্ত সমুদ্রের মাধুর্যবিধানে তৎপর হয়। গজকে নিয়ন্ত্রিত করতে হলে কঠিন লৌহশৃঙ্খলের প্রয়োজন। তাই কোমল মৃণালতন্তু দ্বারা দুষ্ট হস্তীকে বন্ধন করতে প্রয়াসী ব্যক্তি নিতান্তই অদূরদর্শী। ঠিক একই ভাবে শিরীষফুলের প্রান্তভাগ দ্বারা হীরকখণ্ড ছেদনে বদ্ধপরিকর ব্যক্তিও অদূরদর্শী এবং মধুবিন্দু দ্বারা লবণাক্ত সমুদ্রের মাধুর্যবিধানে তৎপর ব্যক্তিও অদূরদর্শী। অলোচ্যশ্লোকে অলঙ্কার কী হবে সে বিষয়ে টীকাকার অধ্যাপক পি. ভি. কানে আলোচনা করেছেন। তাঁর মতে এখানে মালানিদর্শনা অলঙ্কার হয়েছে, দৃষ্টান্ত অলঙ্কার হয়নি। স্বতন্ত্র বাক্যে উল্লিখিত সাধারণ ধর্মদ্বয়ের সাদৃশ্য তাৎপর্যলভ্য হলে দৃষ্টান্ত অলঙ্কার হয়। সাহিত্যদর্পণগ্রন্থে বিশ্বনাথ কবিরাজ দৃষ্টান্তের লক্ষণপ্রসঙ্গে বলেছেন—দৃষ্টান্তস্তু সধর্মস্য বস্তুনঃ প্রতিবিম্বনম্। কিন্তু আলোচ্যস্থলে বাক্যার্থে বাক্যার্থের সমারোপ হওয়ায় একবাক্যতার অভাববশত দৃষ্টান্ত অলঙ্কার হবে না। অনুরূপ ভাব প্রকাশিত হয়েছে সুভাষিতবলীতে—

दुर्जनः सज्जनीकर्तुं यत्नेनापि न शक्यते।
संस्कारेणापि लशुनं कः सुगन्धीकरिष्यति।।

Scanned by CamScanner

শার্ঙ্গধর পদ্ধতিতে বলা হয়েছে—

ন বিষমমৃতং কর্তুং শক্যং প্রযত্নশতৈরপি ত্যজতি কটুতাং ন স্বাং নিম্বঃ স্ততোঽপি পয়োহ্রদে।
গুণপরিচিতামার্যাং বাণীং ন জল্পতি দুর্জনশ্চিরমপি বলাধ্মাতে লোহে কুতঃ কনকাকৃতিঃ।।

ছন্দঃ ও অলংকার

শার্দূলবিক্রীড়িতং বৃত্তং, তল্লক্ষণং হি 'সূর্যাশ্বৈর্মসজস্ততাঃ সগুরবঃ শার্দূলবিক্রীড়িতম্ ইতি। মালানিদর্শনা-চালঙ্কারঃ।

ব্যাকরণ

▸ **বালমৃণালতন্তুভিঃ**—মৃণালস্য তন্তবঃ (ষষ্ঠী-তৎপুরুষঃ), বালঃ মৃণালতন্তু (কর্মধারয়ঃ) তৈঃ। ▸ বালমৃণালতন্তুভিঃ, মধুবিন্দুনা তথা শিরীষকুসুমপ্রান্তেন ইতি পদেভ্যঃ 'সাধকতমং করণম্ ইতি সূত্রেণ করণসংজ্ঞা ভবতি তথা 'কর্তৃকরণয়োস্তৃতীয়া' ইতি সূত্রেণ তৃতীয়াবিভক্তিঃ ভবতি। ▸ ব্যালশব্দার্থো হি দুষ্টগজঃ, তথাহি বিশ্বকোষে তথা মেদিন্যামুক্তং 'ব্যালো দুষ্টগজে সর্পে' ইতি। ▸ **ক্ষারাম্বুধেঃ**—ক্ষারযুক্তঃ অম্বুধিঃ (কর্মধারয়ঃ)।

শ্লোক-৭

মূল

স্বায়ত্তমেকান্তগুণং বিধাত্রা বিনির্মিতং ছাদনমজ্ঞতায়াঃ।
বিশেষতঃ সর্ববিদাং সমাজে বিভূষণং মৌনমপণ্ডিতানাম্।।

বঙ্গলিপি

স্বায়ত্তমেকান্তগুণং বিধাত্রা বিনির্মিতং ছাদনমজ্ঞতায়াঃ।
বিশেষতঃ সর্ববিদাং সমাজে বিভূষণং মৌনমপণ্ডিতানাম্।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

বিধাত্রা অজ্ঞতায়াঃ ছাদনম্ একান্তগুণং মৌনং স্বায়ত্তং বিনির্মিতম্। বিশেষতঃ সর্ববিদাং সমাজে মৌনম্ অপণ্ডিতানাং বিভূষণম্।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **বিধাত্রা** (সৃষ্টিকর্ত্রা—বিধাতার দ্বারা); ● **অজ্ঞতায়াঃ** (বিবেকরাহিত্যস্য—মূর্খদের মূর্খতা); ● **ছাদনম্** (আচ্ছাদনস্য—লোকানোর); ● **একান্তগুণং** (স্বকীয়মেকমাত্রমুপায়স্বরূপং—একমাত্র উপায়রূপে); ● **মৌনং** (তূষ্ণীং—মৌনতাকে); ● **স্বায়ত্তং** (স্বস্য অধীনতয়া—তার অধীনরূপে); ● **বিনির্মিতম্** (সৃষ্টম্—সৃষ্টি করেছেন); ● **বিশেষতঃ** (বিশেষরূপেণ—বিশেষকরে); ● **সর্ববিদাং সমাজে** (পণ্ডিতসভায়াং—পণ্ডিত সভায়); ● **মৌনম্** (তূষ্ণীম্ভাবম্—মৌনাবলম্বন); ● **অপণ্ডিতানাং** (মূর্খানাং—মূর্খদের); ● **বিভূষণম্** (আভূষণস্বরূপম্—আভূষণস্বরূপ)।

বঙ্গানুবাদ

বিধাতা মূর্খদের মূর্খতা লোকানোর একমাত্র উপায়রূপে মৌনতাকে তার অধীনরূপে সৃষ্টি করেছেন। বিশেষ করে পণ্ডিতসভায় মৌনাবলম্বন মূর্খদের আভূষণস্বরূপ।

Scanned by CamScanner

সংস্কৃত টীকা

স্বস্যায়ত্তং স্বায়ত্তং স্বাধীনং ন ত্বন্যপেক্ষম্। এক এবান্তো যস্য স একান্তঃ। একান্তো গুণো যস্য তত্। এতাদৃগ্ অজ্ঞতায়াঃ। ছাদ্যতেঽনেনেতি ছাদনম্। করণাধিকরণয়োশ্চ (পা. ৩. ৩. ১১৭) ইতি করণে ল্যুট্। বিধাত্রা নির্মিতম্। কিং তদিত্যপেক্ষায়ামাহ—মৌনমিতি। কথংভূতং বিশেষতঃ সর্বং বিন্দন্তীতি সর্ববিদস্তেষাং সমাজে। অপণ্ডিতানাং ভূষণম্। পণ্ডা সদসদ্বিবেকবুদ্ধিঃ। পণ্ডা এষাং সঞ্জাতা ইতি পণ্ডিতাঃ তদস্য সঞ্জাতমিতি তকারাদিভ্যঃ ইতচ্ (পা. ৪. ২. ৩৬) ইতি ইতচ্প্রত্যয়ঃ। ন পণ্ডিতা অপিণ্ডিতাস্তেষাম্। অত্র সর্বত্র বিশেষতঃ পণ্ডিতসভাসু অজ্ঞৈর্মৌনমাশ্রিত্য বর্তিতব্যমিতি ভাবঃ। উপজাতিচ্ছন্দঃ।

অধ্যাপনা

বিদ্যা পণ্ডিতদের ভূষণ, অপণ্ডিত বা মূর্খদের ভূষণ হল মৌনতা। চাণক্যও বলেছেন—'তাবচ্চ শোভতে মূর্খঃ যাবৎ কিঞ্চিন্ন ভাষতে।' ভর্তৃহরির মতেও পণ্ডিতদের সভায় মৌনতাই মূর্খের সম্মান রক্ষা করে। তিনি আরও বলেছেন বিধাতা মৌনতাকে মূর্খের অধীনরূপে সৃষ্টি করেছেন। অর্থাৎ মৌনতা মূর্খের অস্ত্র। মূর্খ যখন ইচ্ছা মৌনতাকে প্রয়োগ করতে পারে।

ছন্দঃ

অত্র উপজাতিবৃত্তম্। যত্র শ্লোকচরণেষু ইন্দ্রবজ্রোপেন্দ্রবজ্রয়োঃ সংমিশ্রণং ভবতি তত্র উপজাতিবৃত্তং জ্ঞেয়ম্।

ব্যাকরণ

● স্বস্য আয়ত্তং-স্বায়ত্তম্ (ষষ্ঠী-তৎপুরুষঃ)। ◗ একান্তগুণম্-এক এব অন্তো যস্য স একান্তঃ (বহুব্রীহিঃ), একান্তঃ গুণঃ যস্য তৎএকান্তগুণম্ (বহুব্রীহিঃ)। ◗ ছাদ্যতে অনেন ইতি-ছাদনম্ (করণাধিকরণয়োশ্চ ইতি সূত্রেণ করণবাচ্যে ল্যুট্প্রত্যয়ঃ)। ◗ অজ্ঞতায়াঃ ইত্যত্র কর্তৃকর্মণোঃ কৃতি ইতি কর্মণি ষষ্ঠী। ◗ অপণ্ডিতানাম্-পণ্ডা এষাং সঞ্জাতা ইতি পণ্ডিতাঃ (ইত্-প্রত্যয়ঃ), ন পণ্ডিতঃ-অপণ্ডিতঃ (নঞ্-তৎপুরুষঃ)।

শ্লোক-৮

মূল

যদাকিঞ্চিজ্ঞোঽহং দ্বিপ ইব মদান্ধঃ সমভবং
তদা সর্বজ্ঞোঽস্মীত্যভবদবলিপ্তং মম মনঃ।
যদা কিঞ্চিৎকিঞ্চিদ্বুধজনসকাশাদবগতং
তদা মূর্খোঽস্মীতি জ্বর ইব মদো মে ব্যপগতঃ॥

বঙ্গলিপি

যদাকিঞ্চিজ্জ্ঞোঽহং দ্বিপ ইব মদান্ধঃ সমভবং
তদা সর্বজ্ঞোঽস্মীত্যভবদবলিপ্তং মম মনঃ॥
যদা কিঞ্চিৎকিঞ্চিদ্বুধজনসকাশাদবগতং
তদা মূর্খোঽস্মীতি জ্বর ইব মদো মে ব্যপগতঃ॥

Scanned by CamScanner

অন্বয় বা গদ্যরূপ পাঠ

যদা অহং কিঞ্চিজ্জ্ঞঃ, তদা দ্বিপ ইব মদান্ধঃ সমভবৎ, সর্বজ্ঞঃ অস্মি ইতি মম মনঃ অবলিপ্তমভবৎ। যদা বুধজনসকাশাৎ কিঞ্চিৎ কিঞ্চিৎ অবগতম্ তদা মূর্খঃ অস্মি ইতি মে মদঃ জ্বর ইব ব্যপগতঃ।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **যদা** (যস্মিন্—যখন); ● **অহং** (পুরোঽবস্থিতঃপিণ্ডঃ—আমি); ● **কিঞ্চিজ্জ্ঞঃ** (স্বল্পজ্ঞঃ—অল্প জ্ঞান লাভ করেছিলাম); ● **তদা** (তস্মিন্ সময়ে—তখন); ● **দ্বিপঃ** (গজঃ—হস্তীর); ● **ইব** (মতো); ● **মদান্ধঃ** (অভিমানান্ধঃ —অভিমানে অন্ধ); ● **সমভবৎ** (জাতঃ—হয়ে); ● **সর্বজ্ঞঃ অস্মি** (সকল বেত্তা আসম্—আমি সর্বজ্ঞ); ● **ইতি** (এবম্—এই ভাবনায়); ● **মম** (মে—আমার); ● **মনঃ** (চিত্তম্—মন); ● **অবলিপ্তমভবৎ** (গর্ভযুক্তম্ জাতম্—গর্বিত ছিল); ● **যদা** (যস্মিন্—যখন); ● **বুধজনসকাশাৎ** (পণ্ডিতসংস্পর্শাৎ— পণ্ডিতদের সংস্পর্শে); ● **কিঞ্চিৎ** কিঞ্চিৎ (সামান্যং সামান্যং—কিছু কিছু); ● **অবগতম্** (জানামি স্ম—জানলাম); ● **তদা** (তস্মিন্ সময়ে—তখন); ● **মূর্খঃ অস্মি** (জ্ঞানরহিতঃ অস্মি—আমি মূর্খ); ● **ইতি মে** (মম—আমার); ● **মদঃ** (গর্বঃ—অহঙ্কার); ● **জ্বর ইব** (জ্বরতুল্য—জ্বরের মতো); ● **ব্যপগতঃ** (নষ্টঃ—নষ্ট হল)।

বঙ্গানুবাদ

যখন আমি অল্প জ্ঞান লাভ করেছিলাম তখন মদমত্ত হস্তীর মতো অভিমানে অন্ধ হয়ে সর্বজ্ঞ এই ভাবনায় আমার মন গর্বিত ছিল। কিন্তু যখন পণ্ডিতদের সংস্পর্শে কিছু কিছু জানলাম তখন বুঝতে পারলাম আমি মূর্খ এবং তখন আমার অহংকার জ্বরের মতো নষ্ট হল।

সংস্কৃত টীকা

মদেন অন্ধ: মদান্ধ:। যোগ্যাযোগ্যবিচারশূন্য ইত্যর্থ:। যতস্তদা পরমার্থতোল্পজ্ঞোঽপি সর্বজ্ঞোঽস্মীতি কৃতমতে: মম মনোঽবলিপ্তং গর্বিতমভবত্। বুধজন: পণ্ডিতো ভিষগ্বরশ্চ। প্রতিদিনমল্পাল্পজ্ঞানং ভেষজং চ। তদাহং বস্তুতো মূর্খ ইতি লব্ধপ্রতীতে: মম মদ: ব্যপগত: সুতরাং নির্গত:। মদস্য জ্বরবৎসর্বাঙ্গবিকারকারিত্বাৎসাম্যম্। আচার্যবান্পুরুষো বেদ ইতি শাস্ত্রাদ্গুরোর্যথাবিধ্যুপলব্ধং জ্ঞানমেব বিনয়াদিহেতুরিতি ভাব:। শিখরিণীবৃত্তম্।

অধ্যাপনা

কোন্‌টি যোগ্য বা করণীয়, কোন্‌টি অযোগ্য বা অকরণীয় এই বিচার করার ক্ষমতা যার থাকে না তাকে অজ্ঞ বলে। টীকাকার এম. আর. কালে বিদ্বান বা পণ্ডিত ব্যক্তিকে চিকিৎসকের সঙ্গে তুলনা করেছেন। প্রতিদিন অল্প অল্প ঔষধ খেলে যেমন রোগ বিনষ্ট হয় তেমনি বিদ্বানের কাছ থেকে প্রতিদিন অল্প অল্প তত্ত্বকথা জানলে অজ্ঞানরূপ জ্বর নষ্ট হয়। জ্বর হলে যেমন মানুষের সমস্ত অঙ্গ বিকারযুক্ত হয় তেমনি অহংকার মানুষের বুদ্ধিকে বিকারগ্রস্ত করে সমস্ত শরীরকে বিকৃত করে। তাই মদ বা অহংকারের সঙ্গে জ্বরের তুলনা করা হয়েছে।

ছন্দঃ

শিখরিণীবৃত্তমিতি, তল্লক্ষণং হি—'রসৈর্রুদ্রশ্ছিন্না যমনসভলাগঃ শিখরিণী' ইতি।

ব্যাকরণ

◗ **মদেন অন্ধঃ**—মদান্ধঃ (তৃতীয়া-তৎপুরুষঃ)। ◗ **সর্বং জানাতি যঃ সঃ**—সর্বজ্ঞঃ (উপপদ-তৎপুরুষঃ), সর্বপূর্বকাৎ জ্ঞাধতোঃ উত্তরম্ 'আতোনুপসর্গে কঃ' ইতি সূত্রেণ কপ্রত্যয়ঃ।

Scanned by CamScanner

শ্লোক-৯

মূল

কৃমিকুলচিতং লালাক্লিন্নং বিগন্ধি জুগুপ্সিতং
নিরুপমরসং প্রীত্যা খাদন্নরাস্থি নিরামিষম্।
সুরপতিমপি শ্বা পার্শ্বস্থং বিলোক্য ন শঙ্কতে
ন হি গণয়তি ক্ষুদ্রো জন্তুঃ পরিগ্রহফল্গুতাম্।।

বঙ্গলিপি

কৃমিকুলচিতং লালাক্লিন্নং বিগন্ধি জুগুপ্সিতং
নিরুপমরসং প্রীত্যা খাদন্নরাস্থি নিরামিষম্।
সুরপতিমপি শ্বা পার্শ্বস্থং বিলোক্য ন শঙ্কতে
ন হি গণয়তি ক্ষুদ্রো জন্তুঃ পরিগ্রহফল্গুতাম্।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

কৃমিকুলচিতং লালাক্লিন্নং বিগন্ধি জুগুপ্সিতং নিরামিষং নিরুপমরসং নরাস্থি প্রীত্যা খাদন্ শ্বা পার্শ্বস্থং সুরপতিমপি বিলোক্য ন শঙ্কতে। ক্ষুদ্রো জন্তুঃ পরিগ্রহফল্গুতা ন হি গণয়তি।

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **কৃমিকুলচিতং** (কীটসমষ্টিবিশিষ্টং—অনেক কৃমিযুক্ত); ● **লালাক্লিন্নং** (মুখস্থরসক্লেদ্যং—লালাযুক্ত); ● **বিগন্ধি** (দুর্গন্ধযুক্তং—দুর্গন্ধযুক্ত); ● **জুগুপ্সিতং** (ঘৃণাস্পদং—ঘৃণার যোগ্য); ● **নিরামিষং** (মাংসবিহীনং—মাংসবিহীন); **নিরুপমরসং** (রসরহিতং—রসরহিত); ● **নরাস্থি** (মানবাস্থি—মানুষের হাড়); ● **প্রীত্যা খাদন্** (তৃপ্ত্যা ভোজনরতঃ—তৃপ্তিপূর্বক ভোজনরত); ● **শ্বা** (কুক্কুরঃ—কুকুর); ● **পার্শ্বস্থং** (সমুখস্থং—সম্মুখস্থ); ● **সুরপতিমপি** (দেবমুখ্যং—দেবরাজ ইন্দ্রকেও); ● **বিলোক্য** (অবলোক্য—দেখে); ● **ন শঙ্কতে** (ন সমীহতে —তোয়াজ করে না); ● **ক্ষুদ্রো** (স্বার্থপরায়ণঃ—স্বার্থপরায়ণ নীচ); ● **জন্তুঃ** (মানবঃ—মনুষ্য); ● **পরিগ্রহফল্গুতা** (প্রাপ্তপদার্থাসারতাং—যে পদার্থকে নিজের বলে মনে করে তার অবগুণগুলি); ● **ন হি গণয়তি** (নিশ্চয়েন ন বিচারয়তি—নিশ্চিতভাবে বিচার করে না)।

বঙ্গানুবাদ

অনেক কৃমিযুক্ত, লালাযুক্ত, দুর্গন্ধযুক্ত, ঘৃণার যোগ্য, মাংসবিহীন, রসরহিত মানুষের হাড় তৃপ্তিপূর্বক ভোজনরত কুকুর যেমন নিজের সম্মুখস্থ দেবরাজ ইন্দ্রকেও দেখে তোয়াজ করে না। তেমনি স্বার্থপরায়ণ নীচ মনুষ্য যে পদার্থকে নিজের বলে মনে করে তার অবগুণগুলি নিশ্চিতভাবে বিচার করে না।

সংস্কৃত টীকা

কৃমীণাং কুলৈঃ সমূহৈঃ চিত্তং ব্যাপ্তম্। বিগন্ধি বিস্রগন্ধি বিশব্দস্য পূতিপর্যায়ন্তে 'গন্ধস্যেদুৎপূতি..... (পা. ৫. ৪. ১৩৪) ইত্যাদিনা ইকারান্তাদেশঃ। যদ্বা বি বিরুদ্ধঃ গন্ধো বিগন্ধঃ সোঽস্যাস্তীতি বিগন্ধি। জুগুপ্সিতম্ উদ্বেগকরং নিরামিষং নির্মাংসং নরাস্থি। লালয়া সৃণিকয়া ক্লিন্নমাদ্রম্। নিরুপমো রসো যস্মিন্ কর্মণি তদ্যথা তথা। রসপ্রত্যেতি পাঠে প্রীতিঃ রসপ্রীতিঃ। নির্গতা উপমা যস্যাঃ সা নিরুপমা, নিরুপমা যা রসপ্রীতিঃ

Scanned by CamScanner

তথা। খাদন্ পার্শ্বস্থং নিকটস্থমিন্দ্রমপি বিলোক্য ন শঙ্কতে লজ্জতে। তৎকর্ম ন জহাতি। পরিগ্রহস্য স্বীকৃতবস্তুনঃ কল্গুতাং তুচ্ছত্বং ন গণয়তি, মনসি করোতীত্যর্থঃ। অত্রপ্রস্তুতশ্চবৃত্তকথনাত্প্রস্তুতমূর্খজনবৃত্তেঃ প্রতীত্যা অপ্রস্তুতপ্রশংসালঙ্কারঃ। অর্থান্তরন্যাসশ্চেত্যুভয়োঃ সঙ্করঃ। হরিণীবৃত্তম্।

অধ্যাপনা

আলোচ্য শ্লোকে গ্রন্থকার মূর্খব্যক্তি অনেক কৃমিযুক্ত, লালাযুক্ত, দুর্গন্ধযুক্ত, ঘৃণার যোগ্য, মাংসবিহীন, রসরহিত মানুষের হাড় তৃপ্তিপূর্বক ভোজনরত কুকুরের সঙ্গে তুলনা করেছেন। ভোজনরত কুকুর যেমন নিজের সম্মুখস্থ দেবরাজ ইন্দ্রকেও দেখে তোয়াজ করে না। তেমনি স্বার্থপরায়ণ নীচ মনুষ্য যে পদার্থকে নিজের বলে মনে করে তার অবগুণগুলি বিচার করে না। অলোচ্যশ্লোকের অলংকারের বিষয়টি বিশেষকরে এম. আর. কালে মহোদয় আলোচনা করেছেন। তিনি মনে করেন এখানে অপ্রস্তু কুকুরের বৃত্ত কথনথেকে প্রস্তুত মূর্খজনের বৃত্তি প্রতীত হওয়ায় অপ্রস্তুতপ্রশংসা অলংকার হয়েছে; আবার কুকুরের তৃপ্তিপূর্বক ভোজনরূপ সামান্যের দ্বারা মূর্খের অবগুণের অবিচাররূপ বিশেষের সমর্থনের ফলে অর্থান্তরন্যাস অলঙ্কার হয়েছে।

ছন্দঃ ও অলংকার

হরিণীবৃত্তমিতি, তল্লক্ষণং হি—'নসমরসলা গঃ ষড়্ভৈর্হয়ৈর্হরিণী মতা' ইতি। অপ্রস্তুতপ্রশংসার্থান্তরন্যাসয়োঃ সঙ্করালঙ্কারঃ।

ব্যাকরণ

কৃমিকুলচিতম্—কৃমীনাং কুলম্ কৃমিকুলম্ (ষষ্ঠী-তৎপুরুষঃ), কৃমিকুলৈঃ চিতম্ (তৃতীয়া-তৎপুরুষঃ)। **পরিগ্রহফল্গুতাম**—পরিগ্রহস্য ফল্গুতা, তাম্ (ষষ্ঠী-তৎপুরুষঃ)। **বিগন্ধি**—বি বিরুদ্ধঃ গন্ধঃ-বিগন্ধঃ (কর্মধারয়ঃ) বিগন্ধঃ অস্যাস্তীতি বিগন্ধি ইনিপ্রত্যয়ঃ। **নিরুপমরসম্**—নিরুপমো রসো যস্মিন্ তৎ (বহুব্রীহিঃ)।

শ্লোক-১০

মূল

শিরঃ শার্বং স্বর্গাত্পশুপতিশিরস্তঃ ক্ষিতিধরং
মহীধ্রাদুত্তঙ্গাদবনিমবনৈশ্চাপি জলধিয়ম্।
অধোধো গঙ্গেয়ং পদমুপগতা স্তোকমথবা
বিবেকভ্রষ্টানাং ভবতি বিনিপাতঃ শতমুখঃ।।

বঙ্গলিপি

শিরঃ শার্বং স্বর্গাৎপশুপতিশিরস্তঃ ক্ষিতিধরং
মহীধ্রাদুত্তঙ্গাদবনিমবনৈশ্চাপি জলধিয়ম্।
অধোধো গঙ্গেয়ং পদমুপগতা স্তোকমথবা
বিবেকভ্রষ্টানাং ভবতি বিনিপাতঃ শতমুখঃ।।

অন্বয় বা গদ্যরূপ পাঠ

স্বর্গাৎ গঙ্গা শার্বং শিরঃ, শিরসঃ তৎক্ষিতিধরম্ উত্তুঙ্গাৎ মহীধ্রাৎ অবনিম্, চ অবনেঃ অপি জলধিম্। ইয়ং গঙ্গা অধঃ অধঃ স্তোকং পদমুপগতা। অথবা বিবেকভ্রষ্টানাং বিনিপাতঃ ভবতি।

Scanned by CamScanner

সংস্কৃত ও বাংলা শব্দার্থ

● **স্বর্গাৎ** (দেবলোকাৎ—স্বর্গ থেকে); ● **গঙ্গা** (ভাগীরথী—ভাগীরথী); ● **শার্বং** (শঙ্করীয়ং—শঙ্করের); ● **শিরঃ**(মস্তকং—মাথাকে); ● **শিরসঃ**(মস্তকাৎ—মাথা থেকে); ● **তৎক্ষিতিধরম্**(সাহিমালয়ং—তাহিমালয়কে); ● **উত্তুঙ্গাৎ** (অত্যুচ্চাৎ—অত্যুচ্চ); ● **মহীধ্রাৎ** (পর্বতাৎ—হিমালয় থেকে); ● **অবনিম্** (ধরাং—পৃথিবীকে); ● **চ** (তথা—এবং); ● **অবনেঃ** (পৃথিবীতঃ—পৃথিবী থেকে); ● **অপি জলধিম্** (সাগরমপি—সাগরকেও); ● **ইয়ং** (এতাদৃশী—এই); ● **গঙ্গা** (ভাগীরথী—গঙ্গা); ● **অধঃ অধঃ** (ক্রমেণ নীচৈঃ নীচৈঃ—নীচে নীচে); ● **স্তোকং** (তুচ্ছং—তুচ্ছ); ● **পদমুপগতা** (স্থানং গচ্ছতি—স্থান প্রাপ্ত হয়); ● **অথবা** (কিম্বা—অথবা); ● **বিবেকভ্রষ্টানাং** (সদসদ্বিচাররহিতানাং—ন্যায় অন্যায় বিচাররহিতদের); ● **বিনিপাতঃ** (অধঃপতনং—অধঃপতন); ● **ভবতি** (জায়তে—হয়)।

বঙ্গানুবাদ

স্বর্গ থেকে ভাগীরথী শঙ্করে মাথাকে প্রাপ্ত হয় মাথা তা হিমালয়কে প্রাপ্ত হয়, অত্যুচ্চ হিমালয় থেকে পৃথিবীকে প্রাপ্ত হয় এবং পৃথিবী থেকে সাগরকেও প্রাপ্ত হয়। এই ভাগীরথী নীচে নামতে নামতে তুচ্ছ স্থান প্রাপ্ত হয়। অথবা ন্যায় অন্যায় বিচাররহিতদের অধঃপতন হয়।

সংস্কৃত টীকা

ইয়ং গঙ্গা স্বর্গাত্ শার্বস্য শিবস্যেদং শার্বং শিরঃ উপগতা। পশূনাং জীবানাং পতিঃ পশুপতিঃ ঈশ্বরস্তস্য শিরস্তস্মাত্। ক্ষিতিধরং হিমাচলম্। মহী ধরতীতি মহীধ্রঃ। মূলবিভুজত্বদিত্ব। ত্কপ্রত্যয়ঃ উত্গঙ্গাদুন্নতাত্। এবমিয গঙ্গা অধোধো গচ্ছতী স্তোকমল্পং নীচমিত্যর্থঃ। পদমুপগতা। অথবা বিবেকভ্রষ্টানাং সদসদ্বিচারচ্যুতানাম্। শতমুখো বহুপ্রকারঃ। পুরা কিল ভগীরথো নাম রাজা পিতুরশ্বমেধী যাশ্বান্বেষণকমেণ পাতালমুপগতান্ অয়মেবাশ্বাপহারীতি কৃতাবস্কন্দনেন মহর্ষিণা কপিলেন হুঙ্কারমাত্রেণ দগ্ধান্ সগরসুতান্ আত্মনঃ প্রপিতা মহান্ সুরলোকাদ্গঙ্গায়া অবতরণং কারয়িত্বা তস্যা জলেনোদদীধরদিতি কথাত্রানুসন্ধে অত্রৈকস্যা গঙ্গায়া অনেকস্মিন্নাধারেবস্থিতেঃ পর্যায়াখ্যোলংকারঃ। চতুর্থপাদেথান্তরন্যাসশ্চ। শিখরিণীবৃত্তম্।

অধ্যাপনা

বিবেকশূন্য মনুষ্যের অনেক প্রকার পতন হতে পারে। বিবেকশূন্য ব্যক্তি কখনোই উচ্চপদ লাভ করে না। আলোচ্য ক্ষেত্রে গঙ্গার উদাহরণ দেওয়া হয়েছে। গঙ্গা প্রথমে স্বর্গ থেকে ভগবান মহেশ্বরের মস্তকে পতিত হয়। তারপর মহেশ্বরের মস্তক থেকে পর্বতে এবং পর্বত থেকে পৃথিবীতে পতিত হয়। এই একই ক্রমে নীচ থেকে নীচে পতিত হয়। এমনকি বিবেকশূন্য ব্যক্তি নীচে পতিত হওয়ার একশত উপায় অনুসন্ধান করে অধঃপতিত হয়। তাই সকল মানুষেরই বিবেকশালী হওয়া উচিৎ।

ছন্দঃ ও অলংকার

অত্র শিখরিণী বৃত্তম্ অর্থান্তরন্যাসঃ অলঙ্কারঃ চ।

ব্যাকরণ

▸ **শার্বম্**—শর্বস্যেদম্ ইত্যর্থে শর্বশব্দাৎ তস্যেদমিতি অণি শার্বম্ ইতি ভবতি। ▸ **ক্ষিতিধরম্**—ক্ষিতিং ধারয়তি যঃ তম (উপপদ-তৎপুরুষঃ)। ▸ **জলধিম্**—জলানি ধীয়ন্তে ইতি জলপূর্বকাৎ ধাধাতোঃ কিপ্রত্যয়ঃ ।

Scanned by CamScanner

শ্লোক-১১

মূল

